



## বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

কৃষি ভবন

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০।

সমন্বয় বিভাগ

www.badc.gov.bd

স্মারক নং-১২.০৬.০০০০.২০৯.০৬.০০১.১৮.১৬৯

তারিখ: ২২ অগ্রহায়ণ ১৪২৫ বঙ্গাব্দ।  
০৬ ডিসেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ।

বিষয়ঃ বিএডিসি'র উইং ও বিভাগীয় প্রধানদের সমন্বয়ে অনুষ্ঠিত ৪১ তম মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী প্রেরণ প্রসংগে।

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন এর সকল উইং ও বিভাগীয় প্রধানদের সমন্বয়ে ৪১তম মাসিক সমন্বয় সভা বিগত ২৬ নভেম্বর ২০১৮ তারিখ অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত মোতাবেক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

০২. সভার কার্যবিবরণীতে বর্ণিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন (পেভিং চিঠিপত্র নিষ্পত্তিকরণ ছকসহ) আগামী ১২ ডিসেম্বর ২০১৮ তারিখের মধ্যে সমন্বয় বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

মোঃ শাহিন মিয়া

উপসচিব

সমন্বয় বিভাগ, বিএডিসি, ঢাকা।

ফোনঃ ৯৫৬৮১১৫।

e-mail: ds\_coordination@badc.gov.bd

কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. মহাব্যবস্থাপক (বীজ/সার ব্যবস্থাপনা/উদ্যান উন্নয়ন/এএসসি/পাটবীজ/অর্থ/ক্রয়/তদন্ত/), বিএডিসি, ঢাকা।
০২. প্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ/সংরক্ষণ ও কারখানা/নির্মাণ), বিএডিসি, ঢাকা।
০৩. প্রধান (পরিকল্পনা/ মনিটরিং) বিএডিসি, ঢাকা।
০৪. হিসাব নিয়ন্ত্রক/নিয়ন্ত্রক (অডিট), বিএডিসি, ঢাকা।
০৫. অতিরিক্ত মহাব্যবস্থাপক (আলু বীজ/কঃগ্রোঃ/বীপ্রস/খামার/বীবি), বিএডিসি, ঢাকা।
০৬. যুগ্মসচিব (সংস্থাপন/নিয়োগ ও কল্যাণ/সংগঠন ও ব্যবস্থাপনা/সাধারণ পরিচর্যা), বিএডিসি, ঢাকা।
০৭. যুগ্মপরিচালক (ডাল ও তৈল বীজ/সবজি বীজ), বিএডিসি, ঢাকা।
০৮. জনসংযোগ কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
০৯. প্রধান চিকিৎসক, বিএডিসি, ঢাকা।
১০. উপপ্রধান প্রকৌশলী (জরিপ ও অনুসন্ধান/মিশু), বিএডিসি, ঢাকা।
১১. উপসচিব (আইন), বিএডিসি, ঢাকা।
১২. প্রধান সমন্বয়কারী, বিএডিসি গবেষণা সেল, মহাব্যবস্থাপক (বীজ) এর দপ্তর, বিএডিসি, ঢাকা।
১৩. কম্পিউটার প্রোগ্রামার, আইসিটি সেল, মনিটরিংবিভাগ, বিএডিসি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

০১. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।
০২. সদস্য পরিচালক (সার ব্যবস্থাপনা/বীজ ও উদ্যান/অর্থ/ক্ষুদ্রসেচ) মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
০৩. সচিব মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
০৪. অফিস কপি।



## বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

### কৃষি ভবন

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০।

সমন্বয় বিভাগ

www.badc.gov.bd

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশনের উইং ও বিভাগীয় প্রধানদের সমন্বয়ে অনুষ্ঠিত ৪১ তম মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি	:	জনাব মোঃ ফজলে ওয়াহেদ খোন্দকার, চেয়ারম্যান, বিএডিসি।
তারিখ ও সময়	:	২৬ নভেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ; বেলা ০৪:০০ ঘটিকা।
স্থান	:	সংস্থার সম্মেলন কক্ষ।
উপস্থিতি	:	পরিশিষ্ট - ক।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে জনাব মোঃ শাহিন মিয়া, উপসচিব (সমন্বয়) বিগত ২২ অক্টোবর ২০১৮ তারিখে অনুষ্ঠিত ৪০ তম মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী দৃষ্টিকরণ করার জন্য উপস্থাপন করেন। উপস্থাপিত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃষ্টিকরণ করা হয়। উপসচিব (সমন্বয়) বিগত ২২ অক্টোবর ২০১৮ তারিখে অনুষ্ঠিত ৪০ তম মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহের বাস্তবায়ন অগ্রগতি ধারাবাহিকভাবে উপস্থাপন করেন।

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী বিভাগ।
০১.	সংস্থার শূন্য পদে জনবল নিয়োগ সংক্রান্ত।	সংস্থার শূন্য পদে জনবল নিয়োগ এর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। নিয়োগ ও কল্যাণ বিভাগ হতে জানানো হয়, অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর এর ৪১০টি পদের নিয়োগের ক্ষেত্রে আদালতে নিষেধাজ্ঞা জারি ছিলো। বর্তমানে নিষেধাজ্ঞা ভ্যাকুইট করা হয়েছে। শীঘ্রই নিয়োগ কার্যক্রম শুরু করা হবে। সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা ৫৭টি, সহকারী হিসাব নিরীক্ষণ কর্মকর্তা ১৪টি পদে সরাসরি নিয়োগের নিমিত্তে বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। আবেদনের শেষ সময় ১৮/১০/২০১৮ তারিখ। শীঘ্রই লিখিত পরীক্ষা গ্রহণ করা হবে। সহকারী মেকানিকের ৭২টি শূন্যপদ সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্তে কৃষি মন্ত্রণালয়ে হতে ছাড়পত্র পাওয়া গেছে। এই পদসমূহের নিয়োগের আবেদন অনলাইনে গ্রহণের নিমিত্তে সফটওয়্যার প্রস্তুতের জন্য টেলিটককে পত্র প্রেরণ করা হয়েছে। টেলিটক কর্তৃক সফটওয়্যার প্রস্তুতের পর নিয়োগ বিজ্ঞপ্তি জারি করা হবে। রাজস্ব বাজেটভুক্ত গাড়ি চালক ২৪টি, ট্রাক ড্রাইভার ৩০টি, স্পীড বোট ড্রাইভার ০২ টি, ট্রাক্টর ড্রাইভার ২৭টি মোট ৮৩টি পদে নিয়োগের ক্ষেত্রে আদালতে রিট মামলা রয়েছে এবং আদালত উক্ত পদে নিয়োগের ক্ষেত্রে নিষেধাজ্ঞা জারি করেছেন। চতুর্থ শ্রেণির পিয়ন পদে ২০১ টি এবং দারওয়ান/গার্ড পদে ২৩০টি সহ মোট ৪৩১টি	ক. বিএডিসি'র শূন্য পদের বিপরীতে চলমান সকল নিয়োগ প্রক্রিয়া প্রযোজ্য ক্ষেত্রে আদালতের নির্দেশনা যথাযথ অনুসরণপূর্বক দ্রুত সম্পন্ন করতে হবে। খ. অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর ৪১০টি পদে নিয়োগ প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করতে হবে। গ. নিয়োগের কোটায় ও পদোন্নতির কোটায় শূন্য পদের তালিকা মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। ঘ. পদোন্নতি, অবসরজনিত কিংবা অন্য কোন কারণে পদ শূন্য হলে শূন্য পদ পূরণে বিধিগতভাবে দ্রুত সময়ে কার্যকরী উদ্যোগ গ্রহণ করতে হবে।	নিয়োগ ও কল্যাণ বিভাগ, আইন বিভাগ।

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী বিভাগ।
		পদে নিয়োগের ক্ষেত্রে আদালতে রিট মামলা রয়েছে এবং আদালত উক্ত পদে নিয়োগের ক্ষেত্রে নিষেধাজ্ঞা জারি করেছেন। উপসহকারী পরিচালকের ৬৫ (পয়ষট্টি) টি পদে নিয়োগের ক্ষেত্রে আদালতে রিট মামলা রয়েছে এবং আদালত উক্ত পদে নিয়োগের ক্ষেত্রে নিষেধাজ্ঞা জারি করেছে। সভাপতি কারিগরি পদসহ সকল শূন্য পদ পূরণের নিমিত্ত যথাযথ কার্যক্রম অব্যাহত রাখার জন্য নিয়োগ ও কল্যাণ বিভাগকে নির্দেশনা প্রদান করেন।		
০২.	পেন্ডিং চিঠিপত্র নিষ্পত্তিকরণ সংক্রান্ত।	এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনাকালে বিভিন্ন বিভাগ হতে সভাকে অবহিত করা হয় যে, মন্ত্রণালয় ও বিভিন্ন দপ্তরে যথাসময়ে পত্রের জবাব প্রেরণ করা হচ্ছে। সভাপতি চিঠিপত্রের বিষয়ে সকল বিভাগীয় প্রধানকে অধিকতর তৎপর হওয়ার নির্দেশনা প্রদান করেন। সভাপতি সকল বিভাগীয় প্রধানকে সচিবালয় নির্দেশমালা-২০১৪ এর নির্ধারিত ছক মোতাবেক চিঠিপত্র নিষ্পত্তিকরণ সংক্রান্ত তথ্য ও ই-ফাইলিং এর মাধ্যমে নিষ্পন্ন চিঠিপত্রের তথ্য মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করার নির্দেশ প্রদান করেন।	পেন্ডিং চিঠিপত্রের বিষয়ে সকল বিভাগীয় প্রধানকে অধিকতর তৎপর হতে হবে এবং নির্ধারিত সময়ের মধ্যে সকল চিঠিপত্রের জবাব মন্ত্রণালয় ও বিভিন্ন বিভাগ/দপ্তরে প্রেরণ করতে হবে।	সকল বিভাগ।
০৩.	আদালতে বিচারাধীন মামলা সংক্রান্ত	সভায় আইন বিভাগ হতে জানানো হয়, সুপ্রিমকোর্টসহ ঢাকার বিভিন্ন আদালতে এবং ঢাকার বাহিরে বিএডিসি'র সর্বমোট ৭৩০ টি মামলা বিচারাধীন রয়েছে। তন্মধ্যে আপিল বিভাগে বিচারাধীন মামলা ৭৭টি, হাইকোর্ট বিভাগে ৩৬৭টি, ঢাকা জেলা জজ ও অধীনস্থ আদালতে ১০০টি মামলা বিচারাধীন রয়েছে। এছাড়াও ঢাকার বাহিরে বিভিন্ন আদালতে ১৮৫টি মামলা বিচারাধীন রয়েছে। বিচারাধীন এসব মামলার মধ্যে চাকুরি হতে স্বেচ্ছাবসর সংক্রান্ত ৫৫টি, অব্যাহতি সংক্রান্ত ৫৯টি, নিয়োগ ও পদোন্নতি সংক্রান্ত ৬৬টি, জমির মালিকানা ও গুদামের দখল সংক্রান্ত ৮৪টি, বিভাগীয় দন্ডদেশ চ্যালেঞ্জ সংক্রান্ত ৩৬টি। আত্মসাতকৃত মালামাল মূল্য আদায় সংক্রান্ত-৫৫টি, সংস্থার পাওনা আদায় সংক্রান্ত-৮৩, অন্যান্য মামলার সংখ্যা-২৯২টি। সভাপতি বিএডিসি'র বিচারাধীন মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির জন্য আইন বিভাগকে নির্দেশনা প্রদান করেন। এছাড়া, সভাপতি মাসিক সমন্বয় সভায় আদালতে বিএডিসি'র বিচারাধীন মামলা সংক্রান্ত তথ্য উপস্থাপন করার নির্দেশ প্রদান করেন।	বিএডিসি'র মামলা সংক্রান্ত তথ্যাদি মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। তাছাড়া, বিএডিসি'র মামলাসমূহ যথাযথভাবে মনিটর করতে হবে। যে সমস্ত মামলার রায়/ডিক্রী সংস্থার বিপক্ষে হয় সেগুলোতে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নিতে হবে। বিএডিসি'র বিচারাধীন মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে।	আইন বিভাগ।

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী বিভাগ।
০৪.	বিভাগীয় মামলা সংক্রান্ত।	সংস্থাপন বিভাগ সভাকে অবহিত করেন যে, বর্তমানে ৩২টি বিভাগীয় মামলা চলমান রয়েছে। বিএডিসি'র চলমান বিভাগীয় মামলাসমূহের মধ্যে চেয়ারম্যান বিএডিসি মহোদয় কর্তৃক নিষ্পত্তিযোগ্য মামলার সংখ্যা ১৬টি এবং সচিব, বিএডিসি, কর্তৃক নিষ্পত্তিযোগ্য মামলার সংখ্যা ১৬টি। সভাপতি বিএডিসি'র বিভাগীয় মামলাসমূহ দ্রুত নিষ্পন্ন করার জন্য সংস্থাপন বিভাগকে নির্দেশনা প্রদান করেন।	বিএডিসি'র বিভাগীয় মামলা সংক্রান্ত তথ্য মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। বিভাগীয় মামলাসমূহ দ্রুত নিষ্পন্ন করার নিমিত্ত তদন্ত প্রতিবেদন যথাসময়ে দাখিল করতে হবে। এ বিষয়ে তদন্তকারী কর্মকর্তাগণকে আরো সচেষ্ট হতে হবে।	সংস্থাপন বিভাগ/তদন্ত বিভাগ।
০৫.	বিএডিসি'র সার গুদাম, বীজ সংরক্ষণাগার এবং ক্ষুদ্রসেচ উইং এর আওতায় স্টোরসমূহ পরিদর্শন সংক্রান্ত।	সভায় মনিটরিং বিভাগ হতে জানানো হয়, বিএডিসি'র সার গুদাম, বীজ সংরক্ষণাগার এবং ক্ষুদ্রসেচ উইং এর আওতায় স্টোরসমূহ পরিদর্শন এর নিমিত্ত কমিটি গঠন করা হয়েছে। গঠিত কমিটির প্রতিবেদন কর্তৃপক্ষ বরাবর উপস্থাপন করা হবে। সভাপতি বিএডিসি'র সার গুদাম, বীজ সংরক্ষণাগার এবং ক্ষুদ্রসেচ উইং এর আওতায় স্টোরসমূহ প্রতি ০৩ (তিন) মাস অন্তর অন্তর পরিদর্শন/বাস্তব যাচাই করে কর্তৃপক্ষ বরাবর প্রতিবেদন দাখিলের জন্য নির্দেশনা প্রদান করেন। এছাড়া, সভাপতি বিভিন্ন কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করার নির্দেশ প্রদান করেন।	ক. বিএডিসি'র সার গুদাম, বীজ সংরক্ষণাগার এবং ক্ষুদ্রসেচ উইং এর আওতায় স্টোরসমূহ প্রতি ০৩ (তিন) মাস অন্তর অন্তর পরিদর্শন/বাস্তব যাচাই করে চেয়ারম্যান বরাবর প্রতিবেদন দাখিল করতে হবে। খ. বিভিন্ন কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।	মনিটরিং বিভাগ/সংশ্লিষ্ট সকল কমিটি।
০৬.	বিএডিসি'র নথিসমূহ সুবিন্যস্তকরণ এবং পুরাতন নথিসমূহ অপসারণ সংক্রান্ত।	সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগ হতে সভায় জানানো হয়, হিসাব বিভাগকে ৩য় দফায় রেকর্ডরুমের রক্ষিত অবশিষ্ট নথিসমূহ সুবিন্যস্তকরণ ও শ্রেণীবিন্যাসকরণ কার্যক্রম সম্পন্ন করার জন্য পত্র দেয়া হয়েছে। সার ব্যবস্থাপনা বিভাগের পরিবহণ শাখা হতে রেকর্ডরুমের রক্ষিত নথিসমূহের একটি তালিকা পাওয়া গেছে যা যাচাই-বাছাই করে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে। তাছাড়া, আলুবীজ বিভাগ, সওকা বিভাগ, বীপ্রস, খামার বিভাগ এবং মিশু বিভাগে নথি শ্রেণীবিন্যাসকরণ কার্যক্রম শুরু করার জন্য চিঠি দেয়া হয়েছে কিন্তু উক্ত বিভাগ কর্তৃক এখনো নথি শ্রেণীবিন্যাসকরণ কার্যক্রম শুরু করা হয়নি। সভাপতি মহোদয় রেকর্ডরুমের শ্রেণীবিন্যাসকৃত নথিসমূহ কমিটি কর্তৃক ধ্বংসের নির্দেশনা প্রদান করেন।	ক. বিএডিসি'র কেন্দ্রীয় রেকর্ডরুমের নথিপত্র সংশ্লিষ্ট বিভাগকে সুবিন্যস্ত করতে হবে। খ. রেকর্ডরুমের পুরাতন সুবিন্যস্ত নথিসমূহ কমিটি গঠনপূর্বক ধ্বংসের নিমিত্ত যথাযথ কার্যক্রম গ্রহণ করতে হবে।	সওব্য বিভাগ, সাধারণ পরিচর্যা বিভাগ/সংশ্লিষ্ট বিভাগ।
০৭.	বিএডিসি'র কর্মকর্তা/কর্মচারীদের পি. আর. এল. পরবর্তী আনুতোষিক প্রদান সংক্রান্ত।	অর্থ বিভাগ হতে সভায় জানানো হয়, অক্টোবর ২০১৮ মাসে ৬৭ জন কর্মকর্তা/কর্মচারীর আনুতোষিক এর আবেদন পাওয়া গেছে এবং ৬৩ জন কর্মকর্তা/কর্মচারীকে আনুতোষিকের মঞ্জুরি প্রদান করা হয়েছে। সভাপতি মহোদয় বিএডিসি'র কর্মকর্তা/কর্মচারীদের পি. আর. এল. পরবর্তী আনুতোষিক দ্রুত প্রদানের জন্য নির্দেশনা প্রদান করেন।	বিএডিসি'র কর্মকর্তা/কর্মচারীদের পি. আর. এল. পরবর্তী আনুতোষিকের আবেদন, আনুতোষিক মঞ্জুরি এবং চেক প্রদানের তথ্য মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।	অর্থ বিভাগ, হিসাব বিভাগ।

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী বিভাগ।
০৮.	বিএডিসি'র সকল অকেজো ও অচল গাড়ি নিলামে বিক্রি রাজস্ব ও প্রকল্পের গাড়ি বরাদ্দ/পুনঃ বরাদ্দ সংক্রান্ত।	সাধারণ পরিচর্যা বিভাগ হতে সভায় জানানো হয়, সংস্থার ১৫৬টি অকেজো গাড়ির মধ্যে অক্টোবর ২০১৮ মাস পর্যন্ত মোট ১৫৪টি গাড়ি নিলামে বিক্রয় করা হয়েছে। অবশিষ্ট ০২টি গাড়ি নিলামে বিক্রয়ের জন্য প্রক্রিয়াধীন রয়েছে। সভাপতি বিএডিসি'র সকল অকেজো ও অচল গাড়ি নিলামে বিক্রি চলমান রাখার নির্দেশনা প্রদান করেন।	নিষ্পন্ন	-
০৯.	বিএডিসি'র ওয়েবসাইট হালনাগাদ সংক্রান্ত।	মনিটরিং বিভাগ হতে সভায় জানানো হয়, আইসিটি সেল কর্তৃক বিএডিসি'র ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করা হচ্ছে। অক্টোবর ২০১৮ মাসে ৪৬২টি অফিস আদেশ, পত্র, নোটিশ ও বিজ্ঞাপন আপলোড করা হয়েছে। সভাপতি বিএডিসি'র ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করার জন্য আইসিটি, সেল মনিটরিং বিভাগকে নির্দেশনা প্রদান করেন।	আইসিটি সেল, মনিটরিং বিভাগ কর্তৃক বিএডিসি'র ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করতে হবে। সকল বিভাগীয় প্রধানকে আইসিটি সেলের চাহিদাকৃত তথ্য সরবরাহ করতে হবে। বিএডিসি'র ওয়েব সাইটে চিঠিপত্র/তথ্যাদি আপলোডের সংখ্যা বৃদ্ধি করতে হবে।	সকল বিভাগীয় প্রধান/আইসিটি সেল, মনিটরিং বিভাগ।
১০.	কৃষি ভবনে ই-ফাইলিং চালু সংক্রান্ত।	মনিটরিং বিভাগ হতে সভায় জানানো হয়, ই-ফাইলিং প্রশিক্ষণ গ্রহণকারী বিভাগ গুলোতে ই-ফাইলিং চালু করা হয়েছে। অক্টোবর ২০১৮ মাসে ই-ফাইলিং অগ্রগতি হচ্ছে মোট ডাক গ্রহণঃ ৪৭৫টি, স্ব উদ্যোগে নোটঃ ২০৫টি, ডাক/পত্র হতে সৃজিত নোটঃ ১১৯টি, পত্র জারির সংখ্যাঃ ২৭৩ টি, মোট নোটে নিষ্পন্নঃ ২৩৭টি। সভাপতি কৃষি ভবনে ই-ফাইলিং ও ই-মেইল কার্যক্রম বৃদ্ধি করার নিমিত্ত প্রয়োজনীয় সকল কার্যক্রম গ্রহণ করার নির্দেশনা প্রদান করেন।	ই-ফাইলিং প্রশিক্ষণ গ্রহণকারী বিভাগ গুলোতে ই-ফাইলিং চালু রাখতে হবে। সকল বিভাগকে ই-ফাইলিং এর মাধ্যমে নথি উপস্থাপন পর্যায়ক্রমে বৃদ্ধি করতে হবে। ই-ফাইলিং ও ই-মেইল সংক্রান্ত অগ্রগতি সকল বিভাগকে আইসিটি সেলে প্রেরণ করতে হবে।	আইসিটি সেল, মনিটরিং বিভাগ/সংশ্লিষ্ট সকল বিভাগ।
১১.	কৃষি ভবনের ছাদের উপর পরিবেশ বান্ধব বাগান সৃজন সংক্রান্ত।	উদ্যান উন্নয়ন বিভাগ হতে সভায় জানানো হয়, কৃষি ভবনের ছাদের উপর পরিবেশ বান্ধব বাগানে ফল, ফুল ও অন্যান্য শোভাবর্ধনকারী গাছ যথারীতি পরিচর্যা করা হচ্ছে এবং সম্প্রসারণ অব্যাহত আছে। সভাপতি এ বিষয়ে কার্যক্রম অব্যাহত রাখার জন্য উদ্যান উন্নয়ন বিভাগকে নির্দেশনা প্রদান করেন।	কৃষি ভবনের ছাদের উপর পরিবেশ বান্ধব বাগান সৃজন এর নিমিত্ত প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	উদ্যান উন্নয়ন বিভাগ।
১২.	বিএডিসি'র জমি জমা ও স্থাপনাসমূহের inventory প্রণয়ন সংক্রান্ত।	সভায় সাধারণ পরিচর্যা বিভাগ হতে জানানো হয়, Inventory প্রণয়ন এর কাজ সম্পন্ন করা হয়েছে। মতামতের জন্য সংশ্লিষ্ট সকল বিভাগে প্রেরণ করা হয়েছে। বিএডিসি'র ওয়েব সাইটেও দেয়া হয়েছে। সভাপতি বিএডিসি'র জমি জমা ও স্থাপনাসমূহের inventory প্রণয়ন এর কাজ দ্রুত সম্পন্ন করার জন্য সাধারণ পরিচর্যা বিভাগকে নির্দেশনা প্রদান করেন।	নিষ্পন্ন।	-
১৩.	মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও	বিভিন্ন বিভাগ হতে সভায় জানানো হয়, মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা যথাযথ অনুসরণ ও বাস্তবায়ন এর প্রচেষ্টা অব্যাহত রয়েছে। সভাপতি মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা যথাযথ অনুসরণ ও	মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা যথাযথ অনুসরণ ও বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। এ বিষয়ে প্রয়োজনীয় তথ্য	সকল উইং।

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী বিভাগ।
	নির্দেশনা বাস্তবায়ন সংক্রান্ত।	বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা (বিএডিসি সংশ্লিষ্ট) বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন নিয়মিত কৃষি মন্ত্রণালয়ে প্রেরণের জন্য সভাপতি মনিটরিং বিভাগকে নির্দেশনা প্রদান করেন। এ বিষয়ে প্রয়োজনীয় তথ্য মনিটরিং বিভাগে প্রেরণের জন্য সভাপতি সংশ্লিষ্ট উইংকে নির্দেশনা প্রদান করেন।	আবশ্যিক ভাবে মনিটরিং বিভাগে প্রেরণ করতে হবে।	
১৪.	বিএডিসি কর্তৃক সৌর প্যানেল স্থাপন সংক্রান্ত।	সভায় নির্মাণ বিভাগ হতে জানানো হয়, বিএডিসি'র প্রধান কার্যালয়ে ২ কিলোওয়াট ক্যাপাসিটির একটি সোলার প্যানেল স্থাপন করা হয়েছে। মাঠ পর্যায়ে যোগাযোগে জানা যায় যে, পাকুন্দিয়া, মিরপুর-গাবতলী, দত্তনগর, মধুপুর, উল্লাপাড়া কোন্ড স্টোরেজ ও ডোমার, কাশিমপুর, গাবতলী টিসু কালচার ল্যাবে সোলার প্যানেল স্থাপন করা হয়েছে। রাবার ড্যাম প্রকল্পের আওতায় নালিতাবাড়ী শেরপুর, বিশ্বম্ভরপুর (সুনামগঞ্জ) ১টি, রাশুনিয়ায় ২টি সোলার প্যানেল স্থাপন করা হয়েছে। অর্থাৎ মোট ১৫টি সোলার প্যানেল স্থাপন করা হয়েছে। এছাড়া বিএডিসি'র বিদ্যমান বিভিন্ন অফিস ও স্থাপনাসমূহে নিজস্ব ব্যবস্থাপনায় সৌর প্যানেল স্থাপন করাসহ নতুন প্রকল্প/কর্মসূচি ডিপিপি/পিপিএনবিত্তে সোলার প্যানেল স্থাপনের সংস্থান রাখার জন্য মাঠ পর্যায়ে পত্র প্রেরণ করা হয়েছে। সভাপতি বিএডিসি'র আওতায় সোলার প্যানেল এর সংখ্যা বৃদ্ধির বিষয়ে প্রকল্প পরিচালক/কর্মসূচি পরিচালক ও দপ্তর প্রধানগণকে স্ব উদ্যোগে অফিস ভবনে সোলার প্যানেল স্থাপনের পরামর্শ প্রদান করেন।	বিএডিসি কর্তৃক স্থাপিত সৌর প্যানেল এর সংখ্যা ও স্থান মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। বিএডিসি কর্তৃক স্থাপনকৃত সৌর প্যানেলের সংখ্যা পর্যায়ক্রমে বৃদ্ধি করতে হবে। প্রকল্প পরিচালক/কর্মসূচি পরিচালক ও দপ্তর প্রধানগণ কর্তৃক স্ব উদ্যোগে অফিস ভবনে সোলার প্যানেল স্থাপনের উদ্যোগ গ্রহণ করা যেতে পারে।	নির্মাণ বিভাগ।
১৫.	অডিট আপত্তি ও নিষ্পত্তি সংক্রান্ত।	সভায় অডিট বিভাগ হতে জানানো হয়, সেপ্টেম্বর ২০১৮ পর্যন্ত ৮৭০৮টি অনিষ্পন্ন অডিট আপত্তি রয়েছে। অক্টোবর ২০১৮ মাসে কোন আপত্তি উত্থাপিত হয়নি এবং উক্ত মাসে ৭১টি আপত্তি নিষ্পত্তি হয়েছে। এছাড়া, অক্টোবর ২০১৮ মাসে ০৩ টি দ্বিপক্ষীয় সভা ও ০৩টি ত্রিপক্ষীয় সভা অনুষ্ঠিত হয়েছে। সভাপতি প্রতিমাসে অডিট আপত্তি ও নিষ্পত্তির তথ্য মাসিক সমন্বয় সভায় উপস্থাপনের জন্য অডিট বিভাগকে নির্দেশনা প্রদান করেন। এছাড়া, সভাপতি ২০০৯ সাল হতে ২০১৮ সাল পর্যন্ত সকল অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির বিষয়ে প্রয়োজনীয় সকল কার্যক্রম গ্রহণের জন্য অডিট বিভাগ ও সংশ্লিষ্ট সকল বিভাগকে নির্দেশনা প্রদান করেন। এছাড়া, সভাপতি দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভার কার্যপত্রের তথ্য মাসিক সমন্বয় সভায়	ক. বিএডিসি'র প্রতিমাসে অডিট আপত্তি, নিষ্পত্তি, দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভার তথ্য মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। খ. ২০০৯ সাল হতে ২০১৮ সাল পর্যন্ত বিএডিসি'র সকল অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির বিষয়ে অধিক গুরুত্ব আরোপসহ সকল অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে যথাযথ কার্যক্রম গ্রহণ করতে হবে।	অডিট বিভাগ ও সংশ্লিষ্ট সকল বিভাগ।

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী বিভাগ।
		উপস্থাপন করার জন্য অডিট বিভাগকে নির্দেশনা প্রদান করেন।		
১৬.	২০১৮-১৯ অর্থ বছরে বিএডিসি'র সার, বীজ ও ক্ষুদ্রসেচ কার্যক্রম সংক্রান্ত।	সভায় বিএডিসি'র চলতি ২০১৮-১৯ অর্থ বছরের কার্যক্রম নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। মহাব্যবস্থাপক (সার) সভায় জানান যে, বার্ষিক কর্মসম্পাদনা চুক্তি (এপিএ) অনুযায়ী চলতি অর্থ বছরে ১১.২৫ লক্ষ মেঃ টন নন-নাইট্রোজেনাস সার আমদানির লক্ষ্যমাত্রা রয়েছে। অক্টোবর ২০১৮ পর্যন্ত ৪.৩৭ লক্ষ মেঃ টন সার আমদানি করা হয়েছে। উক্ত সময়ে ৩.৬২ লক্ষ মেঃ টন সার কৃষক পর্যায়ে সরবরাহ করা হয়েছে। মহাব্যবস্থাপক (বীজ) সভায় অবহিত করেন যে, চলতি অর্থ বছরে ১.৪৪ লক্ষ মেঃ টন বীজ উৎপাদনের লক্ষ্যমাত্রা রয়েছে। মহাব্যবস্থাপক (উদ্যান/এএসসি) সভায় জানান যে, চলতি অর্থ বছরে উদ্যান জাতীয় ফসলের লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। প্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ) ও প্রধান প্রকৌশলী (সওকা) সভায় জানান, ক্ষুদ্রসেচ প্রকল্প ও কর্মসূচির চলতি অর্থ বছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। সভাপতি বিএডিসি'র চলতি অর্থ বছরে বীজ, উদ্যান জাতীয় ফসল, সার ও ক্ষুদ্রসেচ কার্যক্রমের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন।	নিষ্পন্ন।	
১৭.	বিএডিসি'র বিভিন্ন প্রকাশনা সংক্রান্ত।	সভায় বিএডিসি'র বিভিন্ন প্রকাশনা বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। জনসংযোগ বিভাগ হতে সভায় জানানো হয়, জনসংযোগ বিভাগের সকল প্রকাশনা যথাসময়ে প্রকাশ করা হচ্ছে। সভাপতি বিএডিসি'র সকল প্রকাশনা যথাসময়ে প্রকাশের জন্য সংশ্লিষ্ট সকল বিভাগকে নির্দেশনা প্রদান করেন।	বিএডিসি'র সকল প্রকাশনা যথাসময়ে প্রকাশ করতে হবে।	জনসংযোগ বিভাগ ও সংশ্লিষ্ট সকল বিভাগ।
১৮.	বিএডিসি'র গবেষণা কার্যক্রম সংক্রান্ত।	সভায় বিএডিসি'র গবেষণা কার্যক্রম এর ওপর বিস্তারিত আলোচনা করা হয়। বিএডিসি'র গবেষণা সেল হতে জানানো হয়, বিএডিসিতে রাজস্ব অর্থায়নে চলতি অর্থ বছরে ০৭টি গবেষণা কার্যক্রম চলমান রয়েছে। সভাপতি বিএডিসি'র গবেষণা কার্যক্রমকে জোরদার করার জন্য বিএডিসি'র সকল গবেষককে অনুরোধ করেন। সভাপতি বিএডিসি'র গবেষণা কার্যক্রম এর ওপর অগ্রগতি মাসিক সমন্বয় সভায় উপস্থাপনের জন্য বিএডিসি'র গবেষণা সেলকে নির্দেশনা প্রদান করেন।	বিএডিসি'র গবেষণা কার্যক্রম এর ওপর অগ্রগতি মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। বিএডিসি'র গবেষণা কার্যক্রমকে আরো গতিশীল ও ফলপ্রসূ করতে হবে।	প্রধান সমন্বয়ক, গবেষণা সেল, বিএডিসি।
১৯.	বিএডিসি কর্তৃক গৃহ নির্মাণ ঋণ প্রদান সংক্রান্ত।	সভায় হিসাব বিভাগ হতে জানানো হয়, বিএডিসি'র কর্মকর্তা/কর্মচারীদের গৃহ নির্মাণ ঋণ প্রদানের বিষয়ে একটি কমিটি গঠন করা হয়েছে। সভাপতি	বিএডিসিতে গৃহ নির্মাণ ঋণ চালু করার জন্য যথাযথ কার্যক্রম গ্রহণ করতে হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট কমিটিকে কর্তৃপক্ষ	হিসাব বিভাগ, অর্থ বিভাগ ও সংশ্লিষ্ট


ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী বিভাগ।
		বিএডিসিতে গৃহ নির্মাণ ঋণ চালু করার জন্য হিসাব বিভাগ, অর্থ বিভাগ ও সংশ্লিষ্ট কমিটিকে নির্দেশনা প্রদান করেন।	বরাবর দ্রুত প্রতিবেদন দাখিল করতে হবে।	কমিটি।
২০.	সংস্থার বিভিন্ন দপ্তর/বিভাগ/শাখা পরিদর্শন সংক্রান্ত।	সভায় সমন্বয় বিভাগ হতে জানানো হয়, গত মাসিক সমন্বয় সভা পরবর্তী মহাব্যবস্থাপক (সার ব্যবস্থাপনা) মহোদয় কর্তৃক সংরক্ষন শাখা, যুগ্মসচিব (সোঃপরিঃ) কর্তৃক যানবাহন শাখা পরিদর্শন করা হয়েছে এবং প্রতিবেদন পাওয়া গেছে। সভাপতি স্ব স্ব উইং ও বিভাগীয় প্রধানগণকে নিয়মিত তীরদপ্তর/বিভাগ/শাখা পরিদর্শন অব্যাহত রাখার জন্য নির্দেশনা প্রদান করেন।	স্ব স্ব উইং ও বিভাগীয় প্রধানগণকে নিয়মিত তীর দপ্তর/বিভাগ/শাখা পরিদর্শন করতে হবে। দপ্তর/বিভাগ/শাখার সমস্যাসমূহ মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।	সকল উইং ও বিভাগীয় প্রধান।
২১.	কৃষি ভবনের নামাজ কক্ষ আধুনিকীকরণ সংক্রান্ত।	নির্মাণ বিভাগ হতে সভায় জানানো হয়, কৃষি ভবনের নামাজ কক্ষ আধুনিকীকরণ এর নিমিত্তে গঠিত কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী মসজিদে আধুনিকীকরণ এর যাবতীয় পূর্ত কাজ ও বৈদ্যুতিক কাজ কৃষিভবনের সাব স্টেশনের ক্যাপাসিটি বৃদ্ধি করতঃ "বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)"র অফিস ভবন এবং অবকাঠামোসমূহ সংস্কার, আধুনিকীকরণ ও নির্মাণ প্রকল্প" শীর্ষক প্রকল্পের মাধ্যমে পর্যায়ক্রমে সম্পন্ন করা হবে। কৃষি ভবনের মহিলা কর্মকর্তা/কর্মচারীদের জন্য বড় পরিসরে নামাজের স্থানের জন্য সাধারণ পরিচর্যা বিভাগ হতে জায়গা বরাদ্দ পাওয়া গেলে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। সভাপতি কৃষি ভবনের নামাজ কক্ষ আধুনিকীকরণ ও মহিলা কর্মকর্তা/কর্মচারীদের বড় পরিসরে নামাজের ব্যবস্থা করার জন্য নির্মাণ বিভাগ ও সাধারণ পরিচর্যা বিভাগকে যথাযথ পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন।	নিষ্পন্ন।	-
২২.	মোবাইল ফোন ও মোবাইলে ইন্টারনেট ব্যবহারের জন্য প্রাপ্য ভাতা উত্তোলন সংক্রান্ত।	অর্থ বিভাগ হতে সভায় জানানো হয়, সংস্থায়/কর্পোরেশনে মোবাইলফোন ও মোবাইল ইন্টারনেট ব্যবহারের জন্য ভাতা প্রদানের বিষয়ে অর্থ বিভাগের স্মারক নং-৮৯৬(২) তাং২৫ অক্টোবর ২০১৮ ইং মোতাবেক কৃষি মন্ত্রণালয়ে পত্র প্রেরণের করা হয়েছে। সভাপতি এ বিষয়ে যোগাযোগ অব্যাহত রাখার জন্য অর্থ বিভাগকে নির্দেশনা প্রদান করেন।	বিএডিসি'র ৪র্থ গ্রেড ও তদুর্ধ্ব কর্মকর্তাদের মোবাইল ফোন ও মোবাইলে ইন্টারনেট ব্যবহারের জন্য ভাতা প্রদানের বিষয়ে মন্ত্রণালয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	অর্থ বিভাগ।
২৩.	বিএডিসি'র জীর্ণ স্থাপনাসমূহ Condemn ঘোষণা সংক্রান্ত।	নির্মাণ বিভাগ হতে সভায় অবহিত করা হয় যে, বিএডিসি'র সকল উইং এর Condemn ঘোষণাকৃত/ Condemn যোগ্য/ভবিষ্যৎতে Condemn যোগ্য মোট ৭২৬ টি জরাজীর্ণ স্থাপনার তালিকা পুস্তিকা আকারে তৈরী করা হয়েছে। উক্ত	বিএডিসি'র সকল উইংয়ের আওতায় জীর্ণ স্থাপনাসমূহ চিহ্নিত করে Condemn ঘোষণা করতে হবে।	নির্মাণ বিভাগ/ সংশ্লিষ্ট উইং/বিভাগ/ দপ্তর।



ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী বিভাগ।
		স্থাপনার মধ্যে ইতোমধ্যে ২৭টি জরাজীর্ণ স্থাপনা Condemn ঘোষণা করা হয়েছে যার মধ্যে সার ব্যবস্থাপনা বিভাগের ০২টি, ক্ষুদ্রসেচ বিভাগের ১টি, উদ্যান বিভাগের ৫টি বীজ প্রক্রিয়াজাতকরণ বিভাগের ১টি এবং খামার বিভাগের ১৮টি স্থাপনা রয়েছে। সভাপতি বিএডিসি'র জীর্ণ স্থাপনাসমূহ চিহ্নিত করে Condemn ঘোষণা করার জন্য নির্মাণ বিভাগকে নির্দেশনা প্রদান করেন।		
২৪.	বিএডিসি'র সকল জমির সুষ্ঠু ব্যবহার সংক্রান্ত।	সংরক্ষণ ও কারখানা বিভাগ হতে সভায় জানানো হয়, প্রধান প্রকৌশলী (সওকা) এর নেতৃত্বাধীন কমিটির মাধ্যমে চিহ্নিত সওকা বিভাগের অব্যবহৃত ১০.২০২ একর জমির মধ্যে ০.৪১২ একর জমি ক্ষুদ্রসেচ উইং, ২.৪৭ একর জমি সার ব্যবস্থাপনা উইং কর্তৃক ব্যবহার করা যেতে পারে। অবশিষ্ট ৭.৩২ একর জমি সংস্থার বিধি মোতাবেক ব্যবস্থা নেয়া যেতে পারে। সভায় যুগ্মসচিব (সাধারণ পরিচর্যা) জানান যে, উপজেলা পরিষদ ক্যাম্পাসে অবস্থিত সংস্থার বীজ উইং, ক্ষুদ্রসেচ উইং ও সার ব্যবস্থাপনা উইংয়ের স্থাপনাসমূহের তথ্য চেয়ে সাধারণ পরিচর্যা বিভাগ হতে পত্র প্রেরণ করা হয়েছে। সভাপতি বিএডিসি'র সকল জমির সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করার বিষয়ে সকল উইংকে নির্দেশনা প্রদান করেন।	বিএডিসি'র সকল জমির সংস্থার কাজে ব্যবহার উপযোগী করতে হবে।	সওকা বিভাগ/সাধারণ পরিচর্যা বিভাগ ও সংশ্লিষ্ট সকল উইং।
২৫.	টেকসই উন্নয়ন অডীট (এসডিজি) অর্জন সংক্রান্ত।	সভায় টেকসই উন্নয়ন অডীট (এসডিজি) অর্জন বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। প্রধান পরিকল্পনা সভাকে অবহিত করেন যে, এসডিজি এর আলোকে বিএডিসিতে প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন করা হচ্ছে। সভাপতি এসডিজি'র আলোকে প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়নের জন্য পরিকল্পনা বিভাগ ও সংশ্লিষ্ট সকল বিভাগকে নির্দেশনা প্রদান করেন। ডিপিপি প্রণয়ন ও অনুমোদনের বিষয়ে অধিকতর তৎপর হওয়ার জন্য সভাপতি সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন। এছাড়া, সভাপতি এসডিজি'র Goal ও Target এর সাথে সম্পর্কিত বিএডিসি'র চলমান প্রকল্প ও সবুজ পাতায় অর্ন্তভুক্ত প্রকল্পসমূহের তালিকা আগামী মাসিক সমন্বয় সভায় উপস্থাপনের জন্য পরিকল্পনা বিভাগকে নির্দেশনা প্রদান করেন।	বিএডিসিতে এসডিজি'র আলোকে প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন করতে হবে। ডিপিপি প্রণয়ন ও অনুমোদনের বিষয়ে অধিকতর তৎপর হতে হবে। এসডিজি'র Goal ও Target এর সাথে সম্পর্কিত বিএডিসি'র চলমান প্রকল্প ও সবুজ পাতায় অর্ন্তভুক্ত প্রকল্পসমূহের তালিকা আগামী মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।	পরিকল্পনা বিভাগ।
২৬.	তথ্য অধিকার আইন, ২০০৯ এর আলোকে বিএডিসি কর্তৃক তথ্য প্রদান	সভায় মহাব্যবস্থাপক (তদন্ত) জানান যে, অক্টোবর ২০১৮ মাসে তথ্য অধিকার আইন, ২০০৯ এর আলোকে কোন আবেদন পাওয়া যায়নি। আবেদন পাওয়া গেলে তথ্য সংগ্রহপূর্বক সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠানকে সরবরাহ করা হবে। সভাপতি তথ্য	তথ্য অধিকার আইনের আলোকে তথ্য প্রাপ্তির আবেদনের সংখ্যা ও আবেদনকারীকে তথ্য সরবরাহের অগ্রগতি মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।	তদন্ত বিভাগ।

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী বিভাগ।
	সংক্রান্ত।	অধিকার আইন, ২০০৯ এর আলোকে বিএডিসিতে তথ্য চাওয়া হলে দ্রুত তথ্য প্রদানের জন্য মহাব্যবস্থাপক (তদন্ত) ও সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন। এছাড়া, সভাপতি তথ্য অধিকার আইনের আলোকে তথ্য প্রাপ্তির আবেদনের সংখ্যা মাসিক সমন্বয় সভায় উপস্থাপনের জন্য তদন্ত বিভাগকে নির্দেশনা প্রদান করেন।		
২৭.	বিএডিসি'র Integrated software প্রণয়ন সংক্রান্ত।	সভায় বিএডিসি কর্তৃক Integrated software প্রণয়ন বিষয়ে আলোচনা করা হয়। হিসাব বিভাগ হতে সভায় জানানো হয় বিএডিসি Integrated software প্রণয়ন এর কাজ চলমান রয়েছে। সভাপতি বিএডিসি কর্তৃক Integrated software প্রণয়ন এর অগ্রগতি মাসিক সমন্বয় সভায় উপস্থানের জন্য হিসাব বিভাগকে নির্দেশনা প্রদান করেন।	বিএডিসি'র Integrated software প্রণয়ন এর অগ্রগতি মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।	হিসাব বিভাগ।

০২. সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

  
 মোঃ ফজলে ওয়াহেদ খান্দকার  
 চেয়ারম্যান, বিএডিসি  
 ও  
 সভাপতি  
 মাসিক সমন্বয় সভা।